# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৭৩

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস প্রমাণ করে যে, এক সা‘ সমান পাঁচ রতল ও এক রতলের এক-তৃতীয়াংশ, যেমনটা হিজায ও মিসরের উলামাগণ বলেছেন

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الصَّاعَ خَمْسَةُ أَرْطَالٍ وَثُلُثٌ عَلَى مَا قَالَ أَئِمَّتُنَا مِنَ الحجازيين والمصريين

---

আরবী

3273 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى الذُّهْلِيُّ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ حَمْزَةَ الزُّبَيْرِيُّ
قَالَ ابْنُ خُزَيْمَةَ: وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الْهَاشِمِيُّ حَدَّثَنَا أَبُو مَرْوَانَ الْعُثْمَانِيُّ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ أَبِي حَازِمٍ عَنْ الْعَلَاءِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ رسول الله صلى الله عَلَيْهِ وَسَلَّمَ قِيلَ لَهُ: يَا رَسُولَ اللَّهِ صَاعُنَا أصغرُ الصِّيعَانِ ومدُّنا أَصغرُ الْأَمْدَادِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اللَّهُمَّ بَارِكْ لَنَا فِي صَاعِنَا وَبَارِكْ لَنَا فِي قَلِيلِنَا وَكَثِيرِنَا وَاجْعَلْ لَنَا مَعَ الْبَرَكَةِ بَرَكَتَيْنِ)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3273 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (3997): م.
قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: فِي تَرْكِ إِنْكَارِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَيْثُ قَالُوا: صَاعُنَا أَصْغَرُ الصِّيعَانِ بَيَانٌ وَاضِحٌ أَنَّ صَاعَ أَهْلِ الْمَدِينَةِ أَصْغَرُ الصِّيعَانِ وَلَمْ يَخْتَلِفْ أَهْلُ الْعِلْمِ مِنْ لَدُنِ الصَّحَابَةِ إِلَى يَوْمِنَا هَذَا فِي الصَّاعِ وَقَدْرِهِ إِلَّا مَا قاله الحجازيون والعراقيون وزعم الْحِجَازِيُّونَ أَنَّ الصَّاعَ خَمْسَةُ أَرْطَالٍ وَثُلُثٌ وَقَالَ الْعِرَاقِيُّونَ: الصَّاعُ ثَمَانِيَةُ أَرْطَالٍ فَلَمَّا لَمْ نَجِدْ بَيْنَ أَهْلِ الْعِلْمِ خِلَافًا فِي قَدْرِ الصَّاعِ إِلَّا

مَا وَصَفْنَا صَحَّ أَنَّ صَاعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ خَمْسَةَ أَرْطَالٍ وثُلُثاً إِذْ هُوَ أَصْغَرُ الصِّيعَانِ وبَطَلَ قَوْلُ مَنْ زَعَمَ أَنَّ الصَّاعَ ثَمَانِيَةُ أرطالٍ مِنْ غَيْرِ دَلِيلٍ ثَبَتَ لَهُ عَلَى صِحَّتِهِ.

বাংলা

৩২৭৩. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলা হয়, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আমাদের সা‘ সবচেয়ে ছোট সা‘, আমাদের মুদ সবচেয়ে ছোট মুদ।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “হে আল্লাহ, আপনি আমাদের সা‘তে বারাকাহ দান করুন। আমাদের অল্প ও বেশিতে বারাকাহ দান করুন। আমাদের জন্য বারাকার সাথে আরো দুই বারাকাহ দান করুন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “সাহাবীগণ যখন বলেছেন যে, আমাদের সা‘ হলো সবচেয়ে ছোট সা‘ আর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেটাকে প্রত্যাখ্যান করেননি- এতে সুস্পষ্ট বর্ণনা রয়েছে যে, মদীনার সা‘ সবচেয়ে ছোট সা‘। সাহাবীদের সময়কাল থেকে আমাদের সময়কাল পর্যন্ত সা‘ এবং তার পরিমাণ সম্পর্কে বিদ্বানগণ কোন মতভেদ করেননি, হিজাযবাসী ও ইরাকবাসীগণ যা মতভেদ করেছেন, সেটা ছাড়া। হিজাযবাসীগণ বলেছেন যে, এক সা‘ হলো পাঁচ রতল ও এক রতলের এক-তৃতীয়াংশ, আর ইরাকবাসীগণ বলেছেন যে, এক সা‘ হলো আট রতল।

কাজেই যখন আমরা সা‘ এর পরিমাণ বিষয়ে এছাড়া আর কোন মতভেদ পাইনি, কাজেই এটাই সঠিক যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সা‘ ছিল পাঁচ রতল ও এক রতলের এক-তৃতীয়াংশ। কারণ এটাই হলো ছোট সা‘। আর যারা বিশুদ্ধ প্রমাণ ছাড়া বলেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সা‘ ছিল আট রতল, তাদের কথা বাতিল।”

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ৪/১৭১; মুয়াত্তা ইমাম মালিক: ২/৮৮৫; দারেমী: ২/১০৬-১০৭; ইবনু মাজাহ: ৩৩২৯; সহীহ মুসলিম: ১৩৭৪; সহীহুল বুখারী: ১৮৮৫; মুসনাদ আহমাদ: ৩/১৪২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৩৯৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92604

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন